

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৫.২০- ৫৭৬

তারিখঃ ৩১/০১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি এর আওতায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় হিসাব সহকারী হিসেবে আপনার দায়িত্ব থাকা সত্ত্বেও পাশবিক বিতরণ রেজিস্ট্রার হালনাগাদ না করা, যথাযথভাবে নথি ব্যবস্থাপনা না করা, কর্মচারীদের হিসাব অনুযায়ী বেতনভাতা খাতের অর্জিত আয় ব্যয়ের ক্রমপঞ্জিত হিসাব না থাকা, ঋণ বিতরণ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন না করার (কোন কোন ক্ষেত্রে ঋণ ফাইল অনুমোদন ব্যতীত শুধুমাত্র চেকে স্বাক্ষর করে টাকা উত্তোলন করে ঋণ বিতরণ করা ও ঋণ বিতরণের ক্ষেত্রে সঞ্চয়ের আনুপাতিক হার ঠিক না থাকা) বিষয়সমূহ সংঘটিত হয়েছে; যা অফিস শৃঙ্খলা পরিপন্থী। এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


তারিখঃ ৩১/০১/২০২১
মোহাম্মদ রশেদুল আলম
কর্মসূচি পরিচালক,
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব রাজু আহম্মেদ
হিসাব সহকারী
ইরেসপো, বিআরডিবি,
ডুমুরিয়া, খুলনা

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ খুলনা।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ডুমুরিয়া জেলাঃ খুলনা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ইরেসপো, উপজেলাঃ ডুমুরিয়া জেলাঃ খুলনা।
৫. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।